ইত্তেফাক
051

তারিখ 16.11.79
পৃষ্ঠা ........ কলাম ........

## প্রাথমিক বিদ্যালয়ের [illegible] মঞ্জুরী চাই

কুমিল্লা জেলার চাঁদপুর মহকুমার ফরিদগঞ্জ থানাধীন মাছিমপুর, রাজাপুর, গোবার-ছিত্রা ও পূর্ব বালিথুবা এলাকার শতকরা ৯৫ ভাগ লোক গরীব কৃষক। অত্র এলাকায় কোন প্রাথমিক বিদ্যালয় না থাকায় এলাকার গরীব কৃষকদের শত শত ছেলে মেয়ে শিক্ষার আলো হইতে বঞ্চিত। এলাকাবাসীদের সক্রিয় সহযোগিতায় গত ১লা জানুয়ারী '৭০ তারিখে এলাকার মধ্যস্থলে 'মাছিমপুর' প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ৫২ ফুট দৈর্ঘ্য ও ১৪ ফুট প্রস্থ টিনের ছাউনীবিশিষ্ট এই বিদ্যালয়টি প্রতিষ্ঠা লাভের পর হইতেই প্রায় ৪০০ ছাত্র-ছাত্রী নিয়া ছয় জন শিক্ষক রীতিমত বিনা বেতনে শিক্ষকতার কাজ করিতেছে।

প্রকাশ থাকে যে, এই বিদ্যালয়টির নামে ৩৩ শতাংশ জমি রেজিষ্ট্রি (দলিল নং ২০২১ তাং ১৩।৩।৭৩) করা আছে। আরও উল্লেখ্য যে, শিক্ষা বিভাগের নির্দেশক্রমে গত ১৬।৯।৭৮ ইং তারিখে (মেমো নং ৪৪৯০।৩-জি-চট্টগ্রাম) বিদ্যালয়টি রেজিষ্ট্রেশন করা হয়। বিদ্যালয়টির সরকারী মঞ্জুরীর জন্য থানা, মহকুমা, জিলা ও মন্ত্রণালয় পর্যায়ে বহু আবেদন করিয়াও অদ্যাবধি কোন সুফল পাওয়া যায় নাই। মাননীয় থানা এডুকেশনাল অফিসার সাহেব গত ২।৮।৭৮ ইং তারিখে বিদ্যালয় থানা পরিদর্শন করিয়া অত্যন্ত সন্তুষ্ট হইয়া উহার সরকারী মঞ্জুরীর জন্য সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সমীপে সুপারিশ পেশ করে। কিন্তু বিদ্যালয় অদ্যাবধি সরকারী মঞ্জুরী হইতে বঞ্চিত।

অতএব, বিদ্যালয়টিকে অবিলম্বে সরকারী মঞ্জুরী দান করিয়া অত্র এলাকার গরীব কৃষক সন্তানদের শিক্ষার সুযোগ দেওয়া হোক।

এলাকাবাসীদের পক্ষে—এম, ডি, হাসান, ফরিদগঞ্জ, কুমিল্লা